

মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নামারঃ ২৯৯ [আন্তর্জাতিক নামারঃ ৪৮৪]

৮. কিতাবুস্ম সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মদীনার রাস্তাসমূহে যে সমস্ত মসজিদ রয়েছে এবং যে সকল স্থানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামায পড়েছেন

بَابُ الْمَسَاجِدِ الَّتِي عَلَى طُرُقِ الْمَدِينَةِ

আরবী

وَعَنْهُ : أَنَّ رَسُولَ اللَّهِ كَانَ يَنْزِلُ بِذِي الْحُلَيْفَةِ حِينَ يَعْتَمِرُ، وَفِي حَجَّتِهِ حِينَ حَجَّ،
تَحْتَ سَمَرَةِ فِي مَوْضِعِ الْمَسْجِدِ الَّذِي بِذِي الْحُلَيْفَةِ، وَكَانَ إِذَا رَجَعَ مِنْ غَزْوٍ كَانَ فِي
تِلْكَ الطَّرِيقِ أَوْ حَجًّا أَوْ عُمْرَةً هَبَطَ مِنْ بَطْنِ وَادٍ، فَإِذَا ظَهَرَ مِنْ بَطْنِ وَادٍ أَنَّا خَبِيلَ
الَّتِي عَلَى شَفِيرِ الْوَادِي الشَّرْقِيَّةِ، فَعَرَسَ ثُمَّ حَتَّى يُصْبِحَ لَيْسَ عِنْدَ الْمَسْجِدِ الَّذِي
بِحِجَارَةِ، وَلَا عَلَى الْأَكْمَةِ الَّتِي عَلَيْهَا الْمَسْجِدُ، كَانَ ثُمَّ خَلِيجُ يُصَلِّي عَبْدُ اللَّهِ عِنْدَهُ، فِي
بَطْنِهِ كُثُبٌ، كَانَ رَسُولُ اللَّهِ ثُمَّ يُصَلِّي، فَدَحَّا السَّيْلَ فِيهِ بِالْبَطْحَاءِ، حَتَّى دَفَنَ ذَلِكَ
الْمَكَانَ، الَّذِي كَانَ عَبْدُ اللَّهِ يُصَلِّي فِيهِ.

বাংলা

২৯৯) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উমরায় যাওয়ার পথে যুল হৃলায়ফায় অবতরণ করতেন। এমন কি বিদায় হজ্জের সময়ও সেখানকার একটি বাবলা গাছের নীচে যাত্রা বিরতি করেছেন। বাবলা গাছটি ঠিক সে স্থানেই ছিল, যেখানে বর্তমানে যুল হৃলায়ফার মসজিদ রয়েছে। তিনি যখন কোন যুদ্ধ কিংবা হজ্জ অথবা উমরা হতে ঐ পথে ফেরত আসতেন তখন ওয়াদী আকীকের মধ্যখানে নামতেন। সেখান হতে যখন উপরের দিকে উঠতেন তখন উপত্যকার পূর্বপ্রান্তে বাতহা নামক স্থানে উট বাঁধতেন এবং সেখানে সকাল পর্যন্ত অবস্থান করতেন। এ স্থানটি ঐ মসজিদের নিকটে নয় যা পাথর দ্বারা নির্মিত এবং ঐ টিলার উপরেও নয় যেখানে মসজিদ রয়েছে; বরং যেখানে একটি ছোট নদী ছিল, সেখানে অবতরণ করতেন। আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) সেখানে নামায আদায় করতেন। সেখানে অনেক বালুর টিলা ছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেখানেই নামায পড়তেন। অতঃপর বন্যার পানি ঐ স্থানটিতে কক্ষ বিছিয়ে দিল এবং ঐ স্থানটিকেও বিলীন করে ফেলল যেখানে আব্দুল্লাহ ইবনে উমার নামায পড়তেন।

হাদিসের মান: [সহিহ \(Sahih\)](#) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89597>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন